# 2022

# BENGALI

## Paper : BEN–HC–2016

## ( বাংলা ভাষা পরিচয় )

## ( Honours Core )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

(ক) প্রাচীন বাংলা ভাষায় অসমাপিকা ক্রিয়ার রূপ কত ভাবে গঠিত হত?

(খ) ড০ রামেশ্বর শ-এর মতানুযায়ী অন্ত্যমধ্য বাংলার স্থিতিকাল উল্লেখ করো।

(গ) "পয়ার ছন্দ আদিমধ্য বাংলার প্রধান ছন্দ।" মন্তব্যটি শুদ্ধ না অশুদ্ধ লেখো।

(ঘ) অন্ত্যমধ্য বাংলায় মহাপ্রাণ নাসিক্য অল্পপ্রাণ হতে শুরু করেছিল। একটি উদাহরণ দাও।

(ঙ) সাধু ও চলিত গদ্যের নমুনা আমরা বাংলা ভাষার কোন্ স্তরে পাই?



vivo Y20G
May 24, 2024, 10:56

(চ) আদি স্বরাগমের একটি উদাহরণ দাও। ২

(ছ) সুপারি > সুপুরি

এটি পূর্ণ স্বরসঙ্গতি না আংশিক স্বরসঙ্গতি, লেখো।

(জ) সমীভবনের বিপরীত প্রক্রিয়ার নাম কী ?

(ঝ) ভক্তি > ভকতি

এটি কোন্ স্বরাগমের উদাহরণ ?

(ঞ) ফারসি গুলাব > বাংলা গোলাপ ঘোষীভবনের উদাহরণ।

এটি শুদ্ধ না অশুদ্ধ ?

(ট) 'মৃত্যু' অর্থে 'গঙ্গালাভ'—অর্থ পরিবর্তনের কোন্ কারণ এখানে ক্রিয়াশীল ?

(ঠ) মনুষ্য থেকে বাংলায় 'মুনিস' শব্দটি এসেছে, যার অর্থ 'মজুর'। এটা অর্থ পরিবর্তনের কোন্ ধারার অনুসারী ?

(ড) বাংলা ভাষার শব্দভাণ্ডারকে উৎসগত বিচারে কয়টি শ্রেণিতে বিভক্ত করা যায় ?

(ঢ) 'ঝিঙ্গা' শব্দ কোন্ অনার্য ভাষা থেকে বাংলায় এসেছে ?

(ণ) হেড (ইংরাজি) + পণ্ডিত (বাংলা) = হেড-পণ্ডিত কী ধরনের শব্দ ?

২। নিম্নলিখিত যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) বঙ্গালী উপভাষা প্রচলিত রয়েছে এমন দুটি অঞ্চলের নাম লেখো।

(খ) লবণ > নুন—এটি কোন্ উপভাষার বৈশিষ্ট্য?

(গ) আধুনিক বাংলায় ব্যবহৃত দুটি সংযোজক অব্যয়ের নাম লেখো।

(ঘ) ক্ষতিপূরণ দীর্ঘীভবনের অন্য নাম কী? এর একটি উদাহরণ দাও।

(ঙ) উত্তরবঙ্গের উপভাষায় উচ্চারণে 'আমের রস'-এর ধ্বনিলোপের ফলে পরিবর্তিত রূপটি লেখো।

(চ) যেসব শব্দ প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে অপরিবর্তিত রূপে বাংলায় এসেছে সেগুলিকে ভাষাতাত্ত্বিকেরা কী নামে অভিহিত করেছেন? সেই শব্দগুলিকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়?

(ছ) বাংলা তদ্ভব শব্দের দুটি উদাহরণ দাও।

(জ) নিম্নলিখিত শব্দদুটির উৎস ও বিবর্তন দেখাও :

আড়াই ; গোঁসাই।

৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের সংক্ষেপে উত্তর দাও : ৫×৪=২০

(ক) মধ্যবাংলার ছন্দোরীতিগত বৈশিষ্ট্য লেখো।

(খ) আধুনিক বাংলা ভাষার ভাষাঋণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(গ) বঙ্গালী উপভাষার অপিনিহিতি জাত পরিবর্তন উদাহরণসহ লেখো।

(ঘ) উপযুক্ত উদাহরণসহ অভিশ্রুতির সংজ্ঞা নিরূপণ করো।

(ঙ) স্বতোমূর্ধন্যীভবন কী? এর সঙ্গে মূর্ধন্যীভবনের পার্থক্য কোথায়?

(চ) সমমুখ ও বিমুখ ধ্বনি পরিবর্তনের প্রক্রিয়া বুঝিয়ে লেখো।

(ছ) "শব্দার্থ পরিবর্তনের ধারায় অতীত ইতিহাসের ইঙ্গিত পাওয়া যায়।" মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

(জ) অর্থ পরিবর্তনের ক্ষেত্রে শৈথিল্য ও আরামপ্রিয়তার ভূমিকা নির্ণয় করো।

৪। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

(ক) প্রাচীন বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(খ) রাঢ়ী উপভাষার বৈশিষ্ট্যগুলি উপযুক্ত উদাহরণসহ তুলে ধরো।

(গ) সাধু ও চলিত গদ্যের ভাষাতাত্ত্বিক পার্থক্য সম্পর্কে যথাযথ আলোচনা করো।

(ঘ) অন্ত্যমধ্য বাংলা ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে লেখো।

(ঙ) ব্যঞ্জনধ্বনি লোপের কারণ সম্পর্কে যথাযথ আলোচনা করো।

(চ) আদি, মধ্য ও অন্ত্যস্বরাগমের পার্থক্য উদাহরণসহ স্পষ্ট করো।

(ছ) ধ্বনি পরিবর্তনের ক্ষেত্রে স্বরসঙ্গতির গুরুত্ব নির্ণয় করো।

(জ) অর্থ পরিবর্তনের স্থূল কারণগুলি সম্পর্কে যা জান লেখো।

(ঝ) অর্থবিস্তার ও অর্থসংক্রমের মধ্যে কোনো পার্থক্য আছে কী? এ-বিষয়ে উদাহরণসহ বুঝিয়ে লেখো।

(ঞ) বাংলা শব্দভাণ্ডারের শ্রেণিগত বিভাজন সম্পর্কে যথাযথ আলোচনা করো।

★★★

2022

# BENGALI

## Paper : BEN–HC–2026

## ( বাঙালির সামাজিক ও সাংস্কৃতিক পরিচয় )

## ( Honours Core )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দশটি) : ১×১০=১০

(ক) ভারতীয় জনসৌধের প্রথম স্তর কোনটি ?

(খ) বাঙলায় আদিম অধিবাসীদের মধ্যে যে 'জন'-এর প্রভাব সবচেয়ে বেশি, তার নাম কী ?

(গ) নৃতত্ত্ববিদ ফিশার সাহেব খর্বদেহ দীর্ঘমুন্ড জাতির অস্তিত্ব অনুমান করে তাদের কী নামকরণ করেছিলেন ?

(ঘ) সেন রাজারা নিজেদের কী ধরনের ক্ষত্রিয় হিসাবে পরিচয় দিতেন ?

(ঙ) কোন্ গোষ্ঠীর লোকেরা একাধিক মনুষ্য-জীবনে বিশ্বাস করত ?

(চ) 'শব' কোন্ ভাষাগোষ্ঠীর শব্দ ?

(ছ) আর্যভাষী নর্ডিকেরা কাদের 'ব্রাত্য' বলে ঘৃণা করত ?

( Turn Over )

(জ) কোন্ জনপদকে কেন্দ্র করে সপ্তম শতকে পুন্ড্রবর্ধন রাজ্য গড়ে উঠেছিল?

(ঝ) শশাঙ্ক, সেন, পাল রাজারা বঙ্গদেশের অধিপতি হলেও কোন্ নামে পরিচিত হতে চাইতেন?

(ঞ) মেঘ-উদুম্বর, গাঙ্গোর, দ্বারবাসিনী—এগুলো কীসের প্রকারভেদ?

(ট) শাহিদ সুরহাবর্দির মতে বাঙলার বৈশিষ্ট্য কী?

(ঠ) বাংলার কালচারের দ্বিতীয় পর্বের নাম কী?

(ড) গৌড় ও নবদ্বীপে শিষ্টচর্চার কেন্দ্র থাকলেও বাঙলার সংস্কৃতির কেন্দ্র প্রধানত কী ছিল?

(ঢ) সেনযুগে অপমানিত ও অধিকার-বঞ্চিত হয়ে কারা মুসলমান হয়ে গিয়েছিলেন?

(ণ) ভারতবর্ষে ইংরেজের অভ্যুদয় কয়টি শহরকে কেন্দ্র করে আরম্ভ হয়?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০

(ক) দক্ষিণ ভারতের দুটি এমন গোষ্ঠীর নাম লেখো যারা আদি-অস্ট্রেলীয় গোষ্ঠীর অন্তর্গত বলে স্বীকৃত?

(খ) বাংলাদেশে যে জন-সংস্কৃতি গড়ে উঠেছে তা কোন্ দুই প্রধান জনগোষ্ঠীর কীর্তি?

(গ) বৈদিক আর্যসভ্যতার নির্মাতা কোন্ নরগোষ্ঠী? ফন্ আইক্স্টেডটের মতে এদের নাম কী?

(ঘ) 'ইণ্ডিকা' গ্রন্থের রচয়িতা কে? তিনি গঙ্গার পূর্বশায়ী দেশগুলির পরিচয় দিতে গিয়ে কোন্ জনপদের উল্লেখ করেছিলেন?

(ঙ) কোন্ দুটি পূজা সিন্ধুতীরের প্রাগৈতিহাসিক লোকদের মধ্যে প্রচলিত ছিল ?

(চ) ষষ্ঠ-সপ্তম শতক পর্যন্ত বাংলাদেশে যে জনপদগুলো ছিল তার যে কোনো দুটির নাম লেখো।

(ছ) গোপাল হালদারের মতে মানস-সংস্কৃতির প্রধান বাহন কী কী ?

(জ) বাংলায় প্রচলিত যে কোনো দুটি কীর্তনরীতির নাম লেখো।

২। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) কর্নওয়ালিসি ভূমি-ব্যবস্থায় প্রত্যক্ষ ফল কী হয়েছিল তার বিবরণ দাও।

(খ) বাংলার কালচারের বুনিয়াদ কী কী, লেখো।

(গ) বাংলার কালচারের কেন্দ্রগুলোর পরিচয় দাও।

(ঘ) বাংলার পরিধেয় বস্তুগুলোর একটি বিবরণ দাও।

(ঙ) বাংলার দেবদাসী প্রথা সম্পর্কে যা জানো, লেখো।

(চ) প্রাকৃত বাঙালির খাদ্যাভ্যাসের একটি পরিচয় দাও।

(ছ) বঙ্গদেশের নামকরণ কীভাবে হয়েছিল, লেখো।

(জ) টীকা লেখো :

মহেন্-জো-দড়ো সভ্যতা *অথবা* কম্বোজ রাজবংশ

যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর লেখো : ১০×৪=৪০

(ক) ফন্ আইক্স্টেডটের মত অনুযায়ী ভারতবর্ষে যে নরগোষ্ঠীর মানুষ ছিলেন তাঁদের পরিচয় দাও।

(খ) "বাঙলার বিভিন্ন জেলার বিচিত্র বর্ণসমূহের ভিতর আপেক্ষিক সূক্ষ্ম ও স্থূল পার্থক্য, একই বর্ণের মধ্যে দেহ-পরিমিতির ভেদবৈচিত্র্য ইত্যাদি খুঁটিনাটি বিচার করিলে বলিতেই হয়, এ সমস্ত বিচিত্র জন-সাংকর্যের দ্যোতক।" লেখকের মন্তব্যের অনুসরণে বাংলার জনসমষ্টির ইতিহাস সম্পর্কে আলোচনা করো।

(গ) শতাব্দীর পর শতাব্দী ধরে বঙ্গদেশে যে জাতি-সমন্বয় চলেছে তার একটি সংক্ষিপ্ত রূপরেখা অঙ্কন করো।

(ঘ) বাংলার মানস-সংস্কৃতিতে অষ্ট্রিকভাষীদের অবদান পর্যালোচনা করো।

(ঙ) বঙ্গদেশের জনপদ বিভাগ সম্পর্কে একটি প্রতিবেদন প্রস্তুত করো।

(চ) বঙ্গদেশে শিকার ও অন্যান্য শারীর-ক্রিয়া ইত্যাদির স্বরূপ বিশ্লেষণ করো।

(ছ) বাংলার লোক-সংস্কৃতির একটি পরিচয় দাও।

(জ) বাংলার কালচারের পর্ব বিভাগ কতগুলো? এগুলোর পরিচয় দাও।

(ঝ) বাংলার সমাজে মধ্যবিত্তের আত্মপ্রকাশ কী কী কারণে সম্ভব হয়েছিল তা বিশ্লেষণ করো।

(ঞ) বাংলার সামাজিক ও রাষ্ট্রীয় পরিবর্তনের ধারায় বাংলা সাহিত্য ও সংস্কৃতি কীভাবে গড়ে উঠেছে তার একটি সংক্ষিপ্ত পরিক্রমা করো।

★★★